



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।


স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জ.প্র./৫৯/২০২২/১১৭৯

তারিখ ২০ শ্রাবণ, ১৪২৯  
০৪ আগস্ট, ২০২২

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অবশ্য পালনীয় আচরণবিধির ধারা ২(১২) মোতাবেক অত্র বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি ভবন, প্রশাসনিক ভবন, লাইব্রেরি ভবন ও হলসমূহের দেওয়ালে কোন লেখা ও পোস্টার লাগানো নিষিদ্ধ। কিন্তু সাম্প্রতিক সময়ে ফ্যাকাল্টি ভবন, প্রশাসনিক ভবন, লাইব্রেরি ভবন ও হলসমূহের দেওয়ালে বিভিন্ন প্রকার দেয়াল লিখন, চিত্রাঙ্কন ইত্যাদি লক্ষ্য করা যাচ্ছে। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের প্রচলিত আচরণবিধি ও শৃংখলার পরিপন্থি। বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি ভবন, প্রশাসনিক ভবন, লাইব্রেরি ভবন ও হলসমূহের দেওয়ালে কোন প্রকার লেখা চিত্রাঙ্কন ও পোস্টার লাগানো হতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। অত্র নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,

  
০৪/০৮/২০২২

(মো. মোরাদ হোসেন)


রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং: বশেমুরবিপ্রবি/র/জ.প্র./৫৯/২০২২/১১৭৯

তারিখ ২০ শ্রাবণ, ১৪২৯  
০৪ আগস্ট, ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। সকল অনুসদ/বিভাগ/দপ্তর/হল প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ০২। শিক্ষার্থী উপদেষ্টা, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ০৩। উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ০৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড ও টেকনিক্যাল সাপোর্টের অনুরোধসহ)।
- ০৫। পিএস টু ভাইস চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলরের মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ০৬। অফিস নথি।

  
০৪.০৮.২০২২

(সানোয়ার হুদা)

প্রশাসনিক কর্মকর্তা